



নং-২/এস/১(খ)/১০৬৬

তারিখ: ২৩/০৩/২০২০ইং

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১১.১৭.১৫৩, তারিখ: ১৬/০৩/২০২০খ্রি:
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১১.১৭.১৬১, তারিখ: ১৮/০৩/২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার ও অন্যান্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র অনুযায়ী ১৮ মার্চ ২০২০ খ্রি: হতে ৩১ মার্চ ২০২০ খ্রি: পর্যন্ত সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। ফলে অত্র বোর্ডের অধিভুক্ত যেসব প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটির নির্বাচন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে, যা এখনো সম্পন্ন হয়নি উক্ত নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ থাকবে। Intermediate and Secondary Education Board 1961(E.P.Ord.No xxxIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো। এ বিষয়ে করণীয় পরবর্তী সময়ে বোর্ড কর্তৃক জানিয়ে দেয়া হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


২৩/০৩/২০২০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)